



বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

web-www.bb.org.bd

সার্কুলার পত্র নং- এফইপিডি(রপ্তানি নীতি)২২০/২০১৩-০২

তারিখ : ০৯ জানুয়ারী ২০১৩ খ্রিষ্টাব্দ
২৬ পৌষ ১৪১৯ বঙ্গাব্দ

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

সুগন্ধি চাউল রপ্তানী সংক্রান্ত এস,আর,ও প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক ২৪.১২.২০১২ তারিখে
জারিকৃত এস,আর,ও নং ৪১২-আইন/২০১২ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অপর পৃষ্ঠায় হুবহু
পুনঃমুদ্রিত হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ গোলাম হায়দার)

উপ মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯২

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ২৪, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

রঙানি-১ অধিশাখা

আদেশ

তারিখ, ১০ পৌষ ১৪১৯ বঙ্গাব্দ/২৪ ডিসেম্বর ২০১২ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ৪১২-আইন/২০১২—Imports and Exports (Control) Act, 1950 (Act No. XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার অত্র মন্ত্রণালয়ের ০২ শ্রাবণ, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ১৭ জুলাই, ২০১২ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত আদেশ নং এস, আর, ও ২৬২-আইন/২০১২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আদেশের শর্তাংশের পরিবর্তে নিম্নরূপ শর্তাংশ ও ব্যাখ্যা প্রতিস্থাপিত হইবে, যথা:—

“তবে শর্ত থাকে যে,—

- (ক) এই আদেশের অধীন সুগন্ধি চাউল রঙানির পূর্বে ইতিপূর্বে সুগন্ধি চাউল রঙানি সংক্রান্ত তথ্যাদি অবহিতক্রমে বাণিজ্য মন্ত্রণালয় হইতে অনুমতি গ্রহণ করিতে হইবে; এবং
- (খ) এই আদেশ দ্বারা চাউল রঙানি নিষিদ্ধকৃত সময়সীমার মধ্যে সুগন্ধি চাউল রঙানি সংক্রান্ত জাহাজীকরণ সম্পন্ন করিতে হইবে।

১৯৯৫০০

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, ডিসেম্বর ২৪, ২০১২

ব্যাখ্যা : এই আদেশের উদ্দেশ্য পূরণকল্পে “সুগন্ধি চাউল” অর্থে কালজিরা, কালোজিরা টিপিএল-৬২, চিনিগুড়া, চিনিআতপ, চিনিকানাই, বাদশাভোগ, কাটারীভোগ, মদনভোগ, রাধুনীপাগল, বাঁশফুল, জটাবাঁশফুল, বিন্নাফুল, তুলশীমালা, তুলশীআতপ, তুলশীমনি, মধুমালা, খোরমা, সাককুর খোরমা, নুনিয়া, পশুশাইল, বিআর-৫ (দুলাভোগ), ত্রি ধান-৩৪, ত্রি ধান-৩৭, ত্রি ধান-৩৮ ও ত্রি ধান-৫০ অন্তর্ভুক্ত হইবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জেহসান ইসলাম

উপ-সচিব।